

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২১৪৭

আগরতলা, ৫ আগস্ট, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

“ক্ষুধা চিকিৎসক মহল জিবি হাসপাতালে আক্রান্ত ডাক্তার,” এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ৪ আগস্ট, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, গত ২ আগস্ট ভোররাত প্রায় তিনটা নাগাদ নারায়ণপুরের বাসিন্দা বিমল দাস (৫৬) নামে বিষপানে অসুস্থ এক রোগীকে আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের ইমার্জেন্সি বিভাগে নিয়ে আসা হয়। স্বাভাবিক নিয়ম অনুযায়ী, বিষপানকারী রোগীকে ওয়াশ করানোই চিকিৎসার প্রচলিত রীতি। কিন্তু বিষপানে অসুস্থ বিমল দাসকে ওয়াশ করানো নিয়ে রোগীর পরিবার আপত্তি জানায় এবং চিকিৎসকদের সঙ্গে উত্তেজিতভাবে বাকবিতণ্ডা ও বিতর্কে জড়িয়ে পড়ে। এরপর রোগীর আত্মীয়-স্বজন কর্তব্যরত চিকিৎসকের ওপর চড়াও হয়ে তাকে মারাত্মকভাবে শারীরিকভাবে নিগৃহীত করেন, এতে চিকিৎসক চোটও পান। চিকিৎসককে ধাক্কা দিয়ে ফেলে দেওয়া হয়, পাশাপাশি ইমার্জেন্সি বিভাগের নার্স ও স্বাস্থ্যকর্মীদের সঙ্গে বাজে ব্যবহার ও ধাক্কাধাক্কি করে হাসপাতালের আসবাবপত্র, দরজা-জানালা ও মূল্যবান জিনিসপত্র নষ্ট করারও চেষ্টা করে। রোগীকে ভেন্টিলেশনে রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। এদিকে, আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের পক্ষ থেকে বিষয়টি পুলিশকে জানানো হয়েছে।
